

## The Great Terror ( জিগীবা )

লেখক - আতিকুল ইসলাম খান

জনম ভরে বকলে তাদের ধর্ম ব্যবসা করে

বিমান বন্দর "শাহজালাল" নামে-

তুমি, কার ব্যবসা করলে! (?)

এমন আঁচল ধরে তুমি দিলে টান

আমার নবীজীর কান্দে বুঝি পরাণ।

বড় পীর এলেন নবীজীর বংশ ধরে

সেই বংশের মুখে তুমি কেমন কালি দিলে! (?)

ঘুমের বিভোরে মাটি পেয়ে -

জিজ্ঞাসিনি চাচাজান, কোন্ দেশের মাটি হাতে মোর

সত্য ধর্ম প্রচার করিতে - আল্লাহর হুকুম জোর।

কহিলো বড় আলেম বিজ্ঞ চাচাজান,

উপমহাদেশের মাটি তোমার; কপাল ছুঁয়েছে চান।

শুনেছি বন্ধু; দেখিনি চোখে,

সমুদ্র পাড়ি দিলেন জায়নামাজে বসে।

আল্লাহর হুকুমে নবীজী দিলেন

সপ্ত আসমান পাড়ি,

সেই সুবাদে, সমুদ্র একটা ছোট পানির বাটি।

এমন আঁচল ধরে তুমি দিলে টান

আমার নবীজীর কান্দে বুঝি পরাণ।

ভেবেছো তুমি-

মূর্খ-অচেতন-বলদ বাংলাদেশী

পীরের নামে-

নাম ভাঙ্গিয়ে করছি বাহদুরি।

এমনটি তুমি ভেবোনা ভুলে-কিষ্কিৎ, ঘুণাঙ্করে

ব্যবসা তোমার - তিলকে ভেঙ্গে;

আসছি আমরা - মুক্তি পণের বেশে।।

উৎসর্গঃ এ দেশ আমার; এ দেশ কৃষক-শ্রমিকের

এ দেশ ভাসানীর; এ দেশ নজরুলের

এ দেশ আমার; এ দেশ আমাদের সকলের

যার হাতে - পায়ে কোনো গোলামীর শিকল নাই